

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 01-11-2025

Time: 1.40 P.M.

দক্ষিণ কলকাতার নজরুল মঞ্চ আজ বিএলওদের প্রশিক্ষণ চলাকালীন বিশৃঙ্খলার সৃষ্টি হয়। বিএলওরা কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তার দাবিতে বিক্ষোভ দেখান। তাঁদের দাবি, কীভাবে হুমকির মোকাবিলা করবেন সেবিষয়ে কোনো হদিশ দেওয়া হয়নি। প্রশিক্ষণ শেষে, এক মাস ব্যাপি এই প্রক্রিয়া অন ডিউটি হবে না বলে জানালে ক্ষোভ প্রকাশ করেন সরকারি কর্মচারীরা।

উল্লেখ্য, প্রথম অর্ধের প্রশিক্ষণ ইতোমধ্যেই শেষ হয়েছে। যাদবপুর, মেরিয়াবুরুজ ও বেহালা বিধানসভা ক্ষেত্রে BLO-দের আজ ট্রেনিং দেওয়া হয়।

আগেই জানানো হয়েছে, রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর-এর জন্য বুথ লেভেল আধিকারিকদের বিশেষ প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু করেছে নির্বাচন কমিশন। কলকাতার নজরুল মঞ্চ ছাড়াও কলেজ স্ট্রিটের ডিরোজিও হল, জেসপ বিল্ডিং-ও বিভিন্ন জেলায় আগামী তিনদিন এই প্রশিক্ষণ চলবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। প্রশিক্ষণে বি এল ও দের হাতে এনিউমরেশন ফর্ম পূরণ সহ ভোটেরদের বাড়ি বাড়ি গিয়ে কি করতে হবে তা নিয়ে ১৬ দফার গাইডলাইন তুলে দেওয়া হয়েছে। রাজ্যজুড়ে আগামী সোমবারের মধ্যে বিভিন্ন জেলার বিধানসভা ভিত্তিক এই প্রশিক্ষণের কাজ শেষ করতে হবে বলে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য এস আই আর এর কাজের জন্য ইতিমধ্যে রাজ্যজুড়ে আশি হাজার ৬৮১ জন বুথ লেভেল আধিকারিক নিয়োগ করা হয়েছে বলে সূত্রের খবর।

ভোটের তালিকা সংশোধনের বিশেষ নিবিড় কর্মসূচি-এসআইআর-এর জন্য বুথ লেভেল অফিসার - বিএলওদের প্রশিক্ষণ চলার মাঝেই রাজনৈতিক দলগুলির বুথ লেভেল এজেন্ট বিএলওদের প্রশিক্ষণ নিয়ে নির্বাচন কমিশন তৎপর হয়েছে। এক বিশেষ নির্দেশিকায় জানানো হয়েছে, ৩ নভেম্বরের মধ্যে বিএলওদের প্রশিক্ষণ প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, প্রতিটি বিধানসভা কেন্দ্রের অধীনে থাকা বুথগুলিতে বিএলওদের সঙ্গে সমন্বয় রেখে রাজনৈতিক দলের বুথ লেভেল এজেন্টরা কাজ করবেন। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য হল, এসআইআর প্রক্রিয়ার সময় বুথস্তরে সঠিকভাবে ভোটের তথ্য যাচাই ও নথিভুক্তিকরণ নিশ্চিত করা। কমিশন সূত্রে জানা গিয়েছে, যেসব ক্ষেত্রে বিএলওদের নাম পরে জমা পড়বে, তাদের জন্য পৃথকভাবে অতিরিক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

নদীয়ার তেহটে ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে এক বাংলাদেশী মহিলাকে আটক করেছে বিএসএফ। তার কাছ থেকে উদ্ধার হয়েছে, মাদকদ্রব্য, বিদেশী মুদ্রা, একটি করে বাংলাদেশী ও ভারতীয় সিম কার্ড। সেলিনা খাতুন নামে ওই মহিলার বাড়ি বাংলাদেশের বাজিতপুরে। সীমান্ত এলাকায় এদেশের নাগরিক মিনাজুল মন্ডলের বাড়িতে সে এগুলি পাচার করতে এসেছিল বলে জানা গেছে।

জগদ্ধাত্রী পুজোর অন্তিম লগ্নে আলোকনগরী চন্দননগর ও সংলগ্ন মানকুণ্ড, ভদ্রেশ্বরে মায়ের শোভাযাত্রা উপলক্ষ্যে জোরকদমে প্রস্তুতি চলছে। বিকেলে, মাকে বরণের পর হবে সিঁদুরখেলা। এরপর একে একে শোভাযাত্রায় অংশগ্রহণকারী প্রতিটি পুজো কমিটি তাদের ঠাকুর এবং আলোক-প্রদর্শনী নিয়ে পৌঁছবে নির্দিষ্ট স্থানে। চন্দননগর, মানকুণ্ড এবং ভদ্রেশ্বরকে শোভাযাত্রার জন্য চারটি জোনে ভাগ করা হয়েছে। মোট সত্তরটি পুজো কমিটি এবারের শোভাযাত্রায় অংশ নিচ্ছে। চন্দননগরের জ্যোতির মোড় থেকে তালডাঙা পর্যন্ত রুটে সারা রাত ধরে চলবে আন্তর্জাতিক স্তরে স্বীকৃত এই আলোক-শোভাযাত্রা। আগামীকাল ভোরে হবে প্রতিমা নিরঞ্জন।

দক্ষিণ ২৪ পরগনার সদ্য দায়িত্বপ্রাপ্ত জেলাশাসক অরবিন্দকুমার মিনা আজ গঙ্গাসাগরে আসন্ন সাগরমেলার প্রস্তুতি খতিয়ে দেখছেন। সকালে নামখানা পৌঁছে নদীপথে চেমাগুড়ি হয়ে বেনুবন পয়েন্ট পরিদর্শন করেন তিনি। এরপর সাগরে সমুদ্রতট ঘুরে দেখেন। সংলগ্ন ভাঙনপ্রবণ অঞ্চলের পরিস্থিতি পর্যালোচনা করেন তিনি।

এরপর এক প্রশাসনিক বৈঠকে মেলার সময় নিরাপত্তা, যোগাযোগ ব্যবস্থা, স্যানিটেশন ও স্বাস্থ্য পরিষেবা বিষয়ে জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে কথা বলেন জেলাশাসক।

উল্লেখ্য, প্রতি বছর লক্ষাধিক তীর্থযাত্রী গঙ্গাসাগ যান। তাই প্রশাসনের পক্ষ থেকে এবার জোরকদমে চলেছে প্রস্তুতি। আগামী বছর ৮ই জানুয়ারি শুরু হবে গঙ্গাসাগর মেলা।

মুর্শিদাবাদের ভরতপুর-২ ব্লকের সালারের একাধিক মৌজায় আমন ধানে বাদামী শোষক পোকার সংক্রমণে কৃষকরা দুশ্চিন্তায় পড়েছেন। তাঁদের অভিযোগ, প্রায় হাজার বিঘার ধান ক্ষতিগ্রস্ত হয়েছে। এদিক ঋণ নিয়ে চাষ করায়, আতঙ্কে সালার থানার ঘোষপাড়ার বাসিন্দা নিতাই চন্দ্র পাল নামে এক এক ভাগচাষী বাড়ির অদূরে গাছে গলায় ফাঁস লাগিয়ে গতকাল আত্মঘাতী হয়েছেন।

রাজ্য সরকার, ২০২৫-২৬ খরিফ মরসুমে সহায়ক মূল্যে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান কেনার কাজ আজ শুরু করেছে। স্থায়ী ধান ক্রয় কেন্দ্র ছাড়াও বিভিন্ন কৃষি সমবায় সমিতি, কৃষি বিপন্ন সমিতি, স্বনির্ভর গোষ্ঠীর সংঘ, মহাসংঘ র মোট দুই হাজার ৯৮৮ টি সংগ্রহ কেন্দ্র থেকে কুইন্টাল প্রতি দুই হাজার ৩৬৯ টাকা করে এই ধান কেনা হবে। খাদ্য দপ্তর জানিয়েছে, এর পাশাপাশি কৃষকরা সরাসরি স্থায়ী ধান ক্রয় কেন্দ্রে গিয়ে ধান বিক্রী করলে তাদের কুইন্টাল প্রতি আরও কুড়ি টাকা করে অতিরিক্ত উৎসাহ মূল্য দেওয়া হবে।

ওভার হেড তার ও সিগন্যাল সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আগামীকাল (দোসরা নভেম্বর) ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে ওই দিন হাওড়া থেকে চারটি - (হাওড়া - শেওড়াফুলি, হাওড়া - ব্যান্ডেল, হাওড়া - আরামবাগ এবং হাওড়া - বর্ধমান লোকাল), ব্যান্ডেল ও আরামবাগ থেকে দুটি করে, বর্ধমান, শেওড়াফুলি এবং কাটোয়া থেকে ১ টি করে লোকাল ট্রেন বাতিল থাকবে। এছাড়া, 37365 হাওড়া - আরামবাগ লোকাল তারকেশ্বরে যাত্রা শেষ করবে। আগামীকাল কাটোয়া - আজিমগঞ্জ লোকাল, 12338 বোলপুর -

হাওড়া শান্তিনিকেতন এক্সপ্রেস এর সময়সূচি পরিবর্তন হবে বলে রেল সূত্রে জানা গেছে।

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বালিগঞ্জ স্টেশন সীমানায় পয়েন্টের কাজের জন্য আজ রাত ১১ টা ১০ থেকে আগামীকাল (দোসরা নভেম্বর) সকাল ৬ টা ১০ মিনিট পর্যন্ত মোট ৭ ঘণ্টা ট্রাফিক ব্লক থাকবে। এই কারণে আজ (01.11.2025) আপ ও ডাউন শিয়ালদা - বজবজ লোকাল, আপ ও ডাউন শিয়ালদা - লক্ষ্মীকান্তপুর লোকাল , বাতিল থাকবে। আগামীকাল শিয়ালদা দক্ষিণ শাখায় মোট ১২টি ট্রেন বাতিল থাকবে। এছাড়া, এই দুদিন বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

সুস্পষ্ট নিম্নচাপটি আরো দুর্বল হয়ে উত্তর, উত্তর পূর্বে অগ্রসর হয়ে দক্ষিণবঙ্গের উত্তরাংশের ওপর অবস্থান করছে। এর ফলে আজও উত্তরবঙ্গের জলপাইগুড়ি কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে দক্ষিণবঙ্গেও আজ কলকাতা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা হাওড়া নদিয়া এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ ও দমকা হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।
